বিজ্ঞাপন।

একে আমি সহজে বাঙ্গালা ভাষায় অপার-দর্শি, তাহাতে পদ্য রচনার প্রণালী কিছুই অবগত নহি, তথাপিও এই (পুত্রশোকাতুর পিতার বিলাপ) পুস্তক খানি সাধারণের নিকট সমর্পণ করিতেছি, ইহাতে যে পাঠক মহাশয়েরা পুস্তক পাঠে উপকৃত হইবেন এমত [illegible] [illegible] শোক শান্তি করিবার নিমিত্ত [illegible] রচিত এবং প্রকাশিত হইল। এক্ষণে সজ্জন পাঠ[illegible] নিকটে [illegible] এই পুস্তক [illegible] নির্দোষ [illegible] পুস্তক পাঠ করিয়া আমাকে চরিতার্থ করিবেন।

এই পুস্তক পাঠাকাঙ্খি মহাশয়েরা সিমুলিয়ার নয়ান চাঁদ দত্তের ষ্ট্রীটে ৪৮ নং ভবনে আমার নিকট আসিলে অথবা পত্রদ্বারা অবগত করিলে বিনা মূল্যে প্রাপ্ত হইবেন।

গ্রন্থকারস্য।

বিদগ্ধমুখমণ্ডন

এবং

অন্তর্নাবিক ও বহির্নাবিক শ্লোকচয়।

বঙ্গভাষায় পয়ারাদিছন্দে

অর্থের সহিত

শ্রীরামকমল বিদ্যালঙ্কার কর্তৃক সংগৃহীত

ও বিরচিত হইয়া

উত্তম পণ্ডিতের দ্বারা সংশোধন পূর্ব্বক প্রকাশিত।

কলিকাতা।

মির্জাপুরলেন ১০২ ভবনে সুধার্ণবযন্ত্রে মুদ্রিত হইল।

ভূমিকা।

সংস্কৃত ভাষায় ধর্ম্মদাস প্রণীত সুপ্রসিদ্ধ "বিদগ্ধ-মুখমণ্ডন" অবলম্বন করিয়া ও পরম্পরাগত কতি-পয় শ্লোক সংকলন পূর্ব্বক এই পুস্তক লিখিত হইল। ইহাতে বিদগ্ধমুখমণ্ডনের স্থানে স্থানে শ্লোকসমুদয় সংগৃহীত হয় নাই [illegible] বালক-বর্গের ও অন্যান্য সংস্কৃতানভিজ্ঞ ব্যক্তিলোকের অনায়াসে বোধগম্য হইবে তাহাই উদ্ধৃত করাগেল। প্রশ্নবিষয়ক শ্লোক সকলের পয়ারাদি ছন্দে অনুবাদ থাকিলেও পাঠক বৃন্দের বোধ সৌকর্য্যার্থে পুস্তকের শেষে সুস্পষ্টরূপ অর্থ ও প্রশ্নের উত্তর সকল লিখিত হইল। এক্ষণে "বিদগ্ধমুখমণ্ডন' সর্ব্বত্র পরিগৃহীত হইলে এ অকিঞ্চনের শ্রম সফল হইবে।

কলিকাতা। শকাব্দাঃ ১৭৮১।

শ্রীরামকমলশর্ম্মার সংগৃহীত।

বিদগ্ধমুখমণ্ডন।

এবং

অন্তর্নাবিক ও বহির্নাবিক শ্লোকচয়

কোহালাহলমত্তি সৃষ্টিবিষয়ে কাবা জগৎকারিণী কোবা ধ্বান্ত বিনাশকৃৎ পশুপতেঃ পুত্রোহি কোবা প্রিয়ঃ। কোদৈবৈ- [illegible] সমরহরের্ভৃত্যোহি কোবা প্রিয়ঃ কাবা ভারসহা বিচার্য্য মতিমানাদ্যন্তলোপাৎ পঠ। ১॥

কে খাইল বিষ কেবা জগৎ কারণ।
তমস বিনাশ করে কে আছে এমন॥
মহাদেবের প্রিয়পুত্র হয় কোন জন।
মথিল কাহারে বল অসুরারিগণ॥
কৃষ্ণের কে প্রিয়ভৃত্য কেবা সহে ভার।
আদ্য অন্ত লোপ করি পড় বারবার॥

রবেঃ কবেঃ কিং সমরস্য সারং কৃষের্ভয়ং কিং কিমদন্তি ভৃঙ্গাঃ। সদা ভয়ঞ্চাপ্যভয়ঞ্চ কেষাং ভাগীরথীতীর সমাশ্রিতানাং। ২॥

ভাস্কর কবিতাকার অথবা সমর।
কি সার ইহার ধীর করহ উত্তর॥
ভ্রমরে আহারে কিবা কৃষির কি ভয়।
কাদের সর্ব্বদা ভয় কাদের অভয়॥

কান্তে বসন্ত সময়ে বদ কিং তরূণাং কিং ক্ষীয়তে বিরহিণা মুরগঃ কিমেতি। কিং কুর্ব্বতে মধুকরা মধুপান মত্তাঃ কীদৃক বনং মৃগগণা স্ত্রিতং ত্যজন্তি। ৩

আইলে বসন্ত কাল তরুর [illegible]
বিরহি জনের তদা পায় কিবা ক্ষয়॥
কোথায় ভুজঙ্গ যায় কি করে ভ্রমরে।
কেমন গহন ত্যজে কুরঙ্গ নিকরে॥

কোভাতি ভালে নববর্ণিনীনাং কা রৌতি দীনা মধুযামিনীষু। কস্মিন্ বিধত্তে শশিনং মহেশঃ সিন্দুরবিন্দুর্বিধবাললাটে। ৪॥

অবলার ভালে ভাল কিবা শোভা পায়।
কোন নারী খেদ করে বসন্ত নিশায়॥
কোথায় ধরেন শিব কুমুদ বান্ধব।
কঠিন এপ্রশ্ন নহে বল বন্ধু সব॥

আদ্যন্তাভ্যাং ভবেজ্জন্তী মধ্যমাভ্যাঞ্চ দানবঃ। বিপরীতে পিতৃপতিঃ, সমুদায়ে বরাঙ্গনা। ৫।

আদ্যন্তে কুঞ্জর হয় মধ্যেতে সুরারি।
বিপরীতে যমরাজ সমুদায়ে নারী॥

কিং ভূষণং স্ত্রী স্তনমণ্ডলানাং কীদৃশ্যুমা চন্দ্রমসঃ কুতঃশ্রীঃ কিমাহ সীতা দশবক্ত্রনীতা হারামহাদেবরতাত মাতঃ। ৬॥

কামিনীগণের স্তনে কি হয় ভূষণ।
ভগবতী হৈমবতী কিপ্রকারা হন॥
কোথায় রজনী নাথ অতি সুশোভন।
লঙ্কায় কি বলি সীতা করেন ক্রন্দন॥

কঃ খে চরতি কা রম্যা কা জপ্যা কিং বিভূষণং। কোগুরুঃ কীদৃশী লঙ্কা বীর মর্কট কম্পিতা॥ ৭।

কে চরে অম্বরোপরে রম্যা কেবা হন।
কি হয় জপের যোগ্য কি হয় ভূষণ॥
কে গুরু জগতি ভাল বল বন্ধুগণ।
রাবণের পুরী লঙ্কা সে হয় কেমন॥

কোনির্দগ্ধ স্ত্রিপুরজয়িনা কশ্চ কর্ণস্য হন্তা নদ্যাঃ কূলং বিঘটয়তি কঃ কঃ পরস্ত্রীরতশ্চ। কঃ সম্বন্ধো ভবতি নগরে ভূষণং কিং কুচানাং কিম্বা দুঃখং ভবতি মহতাং মান পূজাপহারঃ। ৮॥

কে দগ্ধ হইল বল হর কোপানলে।
কর্ণকে মারিল কেবা আপনার বলে॥
কে ভাঙ্গে নদীর কূল কেবা উপপতি।
কে সজ্জিত রণ মধ্যে বলবান অতি॥
কামিনী জনের স্তনে কি হয় ভূষণ।
মহৎ জনের দুঃখ কি হে বিচক্ষণ॥

পত্যৌ মৃতে কিং কুরুতেচ নারী যাত্রাসু শস্তঃ কিল কশ্চ খাদ্যাৎ। কিং কিং বধূনাং স্তনয়োঃ সুরাজতে হারাক্ষরং পশ্যমুদা ত্বয়ং বুধ। ৯॥

পতির মরণে নারী কি করে সর্ব্বদা।
যাত্রার সময়ে কিবা শ্রেয়স্কর সদা॥
কামিনীর স্তনযুগে কিবা শোভা পায়।
হারাক্ষর দেখ হর্ষে বলি হে তোমায়॥

আপূর্ব্বঃ সর্ব্ব জন্তুনাং বিপূর্ব্বো মহতামপি। প্রপূর্ব্বশ্চ পরাধীনাং কেবলং যুবতী প্রিয়ঃ। ১০।

এইশ্লোক অতিসুগম।

অনিভৃত কোকিল নিঃস্বন মুখরিত সহকার কাননঃ পুংসাং কোভবতি হৃদয় হারী মধুকর ঝঙ্কার ঝঙ্কেলিঃ। ১১।

যাহে সহ কার বন, মুখরিত অনুক্ষণ,
কোকিল কুলের কলনাদে।

যাহাতে ঝঙ্কারে অলি, বিকসে কুসুম কলি,
দেখে শুনে বিরহিণী কাঁদে ॥
যাহাতে চম্পক ফুল, শিরে ধরে নারীকুল,
মন্দ মন্দ বহে সমীরণ।
সে কেবা হইবে ভাই, বল দেখি শুনি ভাই,
সন্তুষ্ট করহ সর্ব্বজন ॥

অপি সেবিতা দ্বিজিহ্বৈঃ কদাপি কে ন যান্তি বিকারং।
বিচ্ছিদ্যমান তনবঃ স্বগুণৈরধিকং বিরাজন্তে। ১২ ॥

ভুজঙ্গে জড়িত কায়, বিকার নাহিক পায়,
কেবা আছে জগতী মণ্ডলে।
অথচ কাটিলে দেহ, অধিক বিরাজে তেঁহ,
আপনার গুণ রাশি বলে ॥

তরুণ্যা লিঙ্গিতঃ কণ্ঠে নিতম্ব স্থল মাশ্রিতঃ। গুরূণাং
সন্নিধানেঽপি কঃ কূজতি মুহু র্মুহুঃ। ১৩।

নিতম্ব স্থলেতে রাখি যত নারী গণ।
কণ্ঠে বাহু প্রসারিয়া করে আলিঙ্গন ॥
গুরুজন নিকটেও সদা করে রব।
এমত সে কিবা হবে বল বন্ধুসব ॥

আপাণ্ডুপীন কঠিনং বর্ত্তুলং সুমনোহরং। করৈরাকৃষ্যতে
ঽত্যর্থং কিং বৃদ্ধৈরপি সস্পৃহং। ১৪ ॥

গোলাকার সুকঠিন ঈষৎ পাণ্ডুর।
দেখিতে সুদৃশ্য বটে অতি মনোহর॥
বৃদ্ধেরাও লোভে পড়ি করে আকর্ষণ।
এমত কি বস্তু হবে বল বিচক্ষণ॥

সদারি মধ্যাপি নবৈরি যুক্তা নিতান্ত রক্তাপি সিতৈব নিত্যং। যথোক্ত বাদিন্যপি নৈব দূতিকা কানাম কান্তেতি নিবেদয়াশু। ১৫॥

সদা অরি মধ্যে থাকে কিন্তু বৈরী নয়।
অতিশয় রক্ত বটে কিন্তু সাদা হয়॥
যথা উক্ত কথা বলে তবু দূতী নহে।
বল বল বুধগণ সে কাহাকে কহে॥

কা প্রিয়েণ রহিতা বরাঙ্গনা ধাম্নি কেন তনয়েন নন্দিতা। কীদৃশেন পুরুষেণ পক্ষিণাং বন্ধনং সমভিলষ্যতে সদা। ১৬॥

বিহঙ্গ পালিতা, মুনির দুহিতা, বল্লভ রহিতা,
কোন অঙ্গনা।
আসিয়া আলয়, কোনহে তনয়, তাহারে তোষয়,
শীঘ্র বলনা।
বিহঙ্গ বন্ধন, বাঞ্ছে সর্ব্বক্ষণ, পুরুষ এমন,
কর ভাবনা॥

কীদৃশং হৃদয় হারি কূজিতং কঃ সখা যশসি ভূপতে র্মতঃ কস্তবাস্তি বিপিনে ভয়াকুলঃ কীদৃশশ্চ ন ভবে ন্নিশা-করঃ। ১৭ ॥

হৃদয় হরণ করে নিনাদ কেমন।
রাজার যশেতে কেবা সখা তুল্য হন ॥
ভয়াকুল কেবা আছে অরণ্যে তোমার।
শশধর নাহি হয় কিরূপ প্রকার ॥

কো শঙ্করস্য বলয়াবপয়োধরঃ কঃ কীদৃক্ পরস্য নিয়তং বশমেতি ভূপঃ। সম্বোধয়ে রগপতিং বিজয়ীচ কীদৃক্ দুর্য্যো-ধনো নহি ভবেদ্বদ কীদৃশশ্চ। ১৮ ॥

শিবের বলয় কারা কে না ধরে স্তন।
নিয়ত পরের বশ ভূপতি কেমন ॥
সম্বোধয় অহিপতি বিজয়ী কেমন।
বল বল কি প্রকার নহে দুর্য্যোধন ॥

পূজায়াং কিং পদং প্রোক্ত মস্তনং কো বিভর্ত্ত্যরঃ। ক আয়ুধতয়া খ্যাতঃ প্রলম্বাসুর বিদ্বিষঃ। ১৯ ॥

কিপদ পূজায় যায় কে না ধরে স্তন।
কি অস্ত্র ধরেন রাম বল বন্ধুগণ ॥

কো দুরাঢ্যস্য মোহায় কা প্রিয়া মুরবিদ্বিষঃ। পদং প্রশ্ন বিতর্কে কিং কোদণ্ডচ্ছদ ভূষণং। ২০।

কৃপণ জনের কিবা মোহের কারণ।
মধুমুরমর্দ্দনের প্রিয়া কেবা হন॥
কিপদ প্রশ্নেতে বর্ত্তে বিতর্কেতে আর।
ওষ্ঠের ভূষণ কিবা বল সাধ্য যার॥

বর্ষাসু কা ভবতি নির্মধু কীদৃগব্জং শেষং বিভর্ত্তি বসুধা সহিতং কএকঃ। আমন্ত্রয়স্ব ধরণীধরনাথ পুত্রীং কো২ত্রাস্থি ভস্মনিচিতাঙ্গজনাশ্রয়ঃ স্যাৎ। ২১।

বর্ষায় কে হয়, কি প্রকার রয়, মধুহীন কুশেশয়।
ধরাসহ শেষে, ধরে পৃষ্ঠদেশে, বল দেখি কেবা হয়॥
অদ্রি হিমালয়, কন্যা সম্বোধয়, অস্থি ভস্ম মাখা অঙ্গ।
এমত যে নর, বল তার ঘর, যদি পাবে সৎসঙ্গ॥

কীদৃশং বদ মরুস্থলং মতং, দ্বারি কুত্র সতি ভূষণং ভবেৎ। ব্রূহি কান্ত সুভটৈঃ সকাম্মুকঃ কীদৃশো ভবতি কুত্র বিদ্বিষাং। ২২॥

কিপ্রকার মরুস্থল বল বন্ধুগণ।
থাকিলেও দ্বার কুত্র করয়ে ভূষণ॥

শক্রুদের কোন স্থানে বীর ধনুর্ধারী।
কিরূপ প্রকার হয় প্রশ্ন নহে ভারি॥

পক্ষিশ্রেষ্ঠ সখী বক্র সুরা বাচ্যাঃ কথং বদ। জ্যৈষ্ঠে মাসি গতাঃ শোষং কীদৃশ্যো ল্পজলা ভুবঃ। ২৩।

পক্ষিশ্রেষ্ঠ সখী শম্ভু সুরা বাচ্য হবে।
কিপ্রকার কি ২ শব্দ মনে ভাব তবে॥
জ্যৈষ্ঠমাসে শুকাইলে অল্পজলা ভূমি।
কীদৃশী অবস্থা তার বল দেখি তুমি॥

বিশ্বম্ভরা প্রলম্বঘ্ন ব্রীহি মানুষ সংযতঃ। কথং বাচ্যা ভবন্ত্যেতা দিনাদৌ বিকসন্তি কাঃ। ২৪।

ধরণী প্রলম্বাসুর ব্রীহিনর রণ।
কি ২ শব্দে উক্ত হয় বল সর্ব্বজন॥
রজনী সময়ে কারা ম্লান মুখে রয়।
দিনমুখ পেয়ে তারা মুখ প্রকাশয়॥

সংগ্রামে স্ফুরদসিনা হতাস্ত্বয়া কে কে দুঃখং বত নিরয়ে নরস্য কুর্য্যুঃ। কশ্মিন উদ্ভবতি কদাপি নৈব লোম খ্যাতাঃ কে জগতি মহানদুস্থভাজঃ। ২৫॥

কাহাদিগকে হত কর সংগ্রাম ভিতরে।
নরের নরকে কারা অতি দুঃখ করে॥

কদাপি কাহাতে লোম না হয় উদ্ভব।
কাহার অম্বুতা অর্থ বলহ বান্ধব॥

কীদৃশী নিরয়ভুবনেকথা সেব্যতে পরম পাপ কর্ম্মভিঃ। প্রেত রাক্ষস পিশাচ সেবিতা কীদৃশীচ পিতৃকাননস্থলী। ২৬॥

কিরূপ নরক ভূমি ভোগে পাপিচয়।
কদৃশী শ্মশান স্থলী ভূতাদি সেবয়॥

কেসব ক্রমতলেষু সংস্থিতঃ কীদৃশো ভবতি মত্তকুঞ্জরঃ। তত্ত্বতঃ শিবগপেক্ষালক্ষণৈ রর্জ্জুনঃ সমিতি কীদৃশো ভবেৎ। ২৭॥

কীদৃশ বকুল তলে প্রমত্ত বারণ।
শঙ্কর সমান পার্থ সমরে কেমন॥

কিমনন্তত্তয়া খ্যাতং পাদেন বাঙ্গমাহ্বয়। জনানাং লোচনানন্দং কে তনুত্তি বনাত্যয়ে। ২৮॥

অনন্ত বলিয়া খ্যাত কে আছে সংসারে।
খোঁড়ারে আহ্বান কর বলিছে তোমারে॥
শরৎ কালেতে কারা লোক মণ্ডলীর।
চক্ষুর আনন্দ কারী বল বল ধীর॥

উরঃস্থলং কো হন্ত বিনা পয়োধরং বিভর্ত্তি সম্বোধয় শাক্রতাশনং। বদন্তি কং পত্তনসম্ভবং জনাঃ কলঙ্ক কিং গৌড়বধূ কুচোপমং। ২৯॥

পয়োধর বিনা কেবা উরঃস্থল ধরে।
আহ্বান করহ তুমি বলি বিষধরে॥
নগর জাতকে লোকে কি বলিয়া থাকে।
কুচের সমান ফল বলে হে কাহাকে॥

প্রায়েণ নীচ লোকস্য কঃ করোতীহ গর্ব্বিতাং। আদৌ বর্ণ দ্বয়ং দত্বা ব্রূহি কে বনবাসিনঃ। ৩০॥

অধম লোকের কিবা গর্ব্বিতা বাড়ায়।
আদৌ দুইবর্ণ যদি যোগ করা যায়॥
তাহাতে হইবে বল বনবাসী কারা।
মূর্খেরা শুনিয়া ইহা বুদ্ধি হয় হারা॥

সানুজঃ কাননং গত্বা নৈকষেয়ান্ জঘান কঃ। মধ্যে বর্ণত্রয়ং দত্বা রাবণঃ কীদৃশো বদ। ৩১॥

অনুজ সহিত কেবা বন মধ্যে গিয়া।
দুরন্ত রাক্ষসগণে ফেলিল বধিয়া॥
মধ্যে তিনবর্ণ দিলে কীদৃশ রাবণ।
বলহ বান্ধব সবে করি নিবেদন॥

বিষ্ণোঃ কা বল্লভা দেবী লোক ত্রিতয় পাবনী। বর্ণমাদ্য ন্তয়ো র্দত্ত্বা কঃ শব্দস্তুল্যবাক্ বদ ॥ ৩২ ।

বিষ্ণুর প্রেয়সী কেবা কহে শাস্ত্রাদিতে ।
তাহার অন্তেতে আর তাহার আদিতে ॥
এক ২ বর্ণ দিলে তুল্যার্থ বচন ।
এমত কি শব্দ আছে বল বিচক্ষণ ॥

পুরুষঃ কীদৃশো বেত্তি প্রায়েণ সকলাঃ কলাঃ। মধ্যবর্ণদ্বয়ং ত্যক্ত্বা ব্রুহি কঃস্যাৎ সুরালয়ঃ। ৩৩ ॥

সব কলা প্রায় জানে পুরুষ কেমন ।
মধ্যকার দুইবর্ণ ত্যজ বিচক্ষণ ॥
তাহাতে কি শব্দ হবে ত্রিদিব বাচক ।
মনের মধ্যেতে ভাবি বল বিবেচক ॥

যজমানেন কঃ স্বর্গহেতোঃ সম্যগ্বিচার্য্যতে । বিহায়াদ্যন্তয়ো র্বর্ণৌ গোত্বং কুত্র স্থিতং বদ ॥ ৩৪ ।

কে হয় সুবিচারিত স্বর্গের কারণ ।
আদ্যন্তের দুইবর্ণ ত্যজ বুধগণ ॥
তাহাতে কোথায় থাকে গোত্ব জাতি বল ।
এ প্রশ্ন বুঝিতে পারে পণ্ডিত কেবল ॥

কিং মুঞ্চন্তি পয়োবাহাঃ, কীদৃশী হরিবল্লভা। পূজায়াং কিংপদং কো গ্নিঃ কঃ কৃষ্ণেন হতো রিপুঃ ॥ ৩৫।

কি দান করিয়া থাকে বারিবাহ গণ।
হরির প্রেয়সী যিনি কি প্রকারা হন॥
পূজায় কি পদ যায় অগ্নি কেবা হয়।
কোন রিপু কৃষ্ণহত বল মহাশয়॥

মেঘাত্যয়ে ভবতি কিং সুভগাবগাহং কা বা বিড়ম্বয়তি চারণ মল্ল বেশ্যাঃ। দুর্ব্বার বীর্য্য বিভবন্য রণে ভবেৎ কঃ কাঃ স্মের বক্ত্র্ সুভগা স্তরণি প্রভাভিঃ। ৩৬॥

শরৎ কালেতে কিবা স্নানে সুখাবহ।
আর এক প্রশ্ন করি বিবেচিয়া কহ॥
বেশ্যা নট মল্লেরে কে করে বিড়ম্বন।
বীরের রণেতে কিবা হয় বিচক্ষণ॥
সূর্য্যের কিরণে কারা ঈষদ্ধাস্য মুখ।
দেখিলে লোকের হয় নয়নের সুখ॥

অটবী কীদৃশী প্রায়ো দুর্গমা ভবতি প্রিয়ে। প্রিয়স্য কীদৃশী কান্তা তনোতি সুরতোৎ সবং॥ ৩৭।

কীদৃশ অটবী হয় সুদুর্গমা প্রায়।
রতির আমোদ কোন নারীতে বাড়ায়॥

কীদৃক্ কিং ন্যায়মৎস্যানাং কিতং স্বেচ্ছা বিহারিণাং। গুণৈঃ পরেষামত্যর্থং মোদতে কীদৃশঃ পুমান। ৩৮।

কীদৃশ হইলে কেবা অহিত মীনের।
কীদৃশ পুরুষ সুখী গুণেতে পরের॥

অগস্ত্যেন পয়োরাশেঃ কিয়ৎ কিংপীত মুজ্ঝিতং। স্বয়া বৈরিকুলং বীর সমরে কীদৃশং কৃতং। ৩৯॥

অগস্ত্য সিন্ধুর কত কি করিল পান।
কীদৃশ করিল শত্রু রণে বলবান॥

দৈত্যা রাতি রসৌ বরাহ বপুষা কামুজ্জহারাম্বুধেঃ কান্দপং বিনিহন্তি কো মধু বধূ বৈধব্য দীক্ষাগুরুঃ। স্বচ্ছন্দং নবশল্লকী কবলনৈঃ পম্পাসরো মজ্জনৈঃ কে বিন্ধ্যাদ্রিবনে বসন্ত্য ভিমত ক্রীড়াভিরাম স্থিতাঃ॥ ৪০।

অসুর গণের অরি, বরাহের রূপধরি,
উদ্ধার করেন বল কাকে।
কে রূপ বিনাশ করে, কেবা মধু প্রাণ হরে,
বিচারিয়া বলহ আমাকে॥
স্বচ্ছন্দে আহার করে, গিয়া পম্পা সরোবরে,
ইচ্ছামত করিল মজ্জন।
পরে বিন্ধ্যাচল বনে, ক্রীড়া করে হৃষ্টমনে,
ইহারা কে হৈবে বিচক্ষণ॥

কল্যাণবাক্ ত্বমিব কিং পদমত্র কান্তং নন্তুপতে ত্বমিব কঃ পরি তোষ কারী। কঃ সর্ব্বদা বৃষগতি স্ত্বমিবাতিমাত্রং ভূত্যাশ্রিতঃ কথয় পালিত সর্ব্বভূতঃ। ৪১ ॥

তব তুল্য শুভার্থক আছে কোন পদ।
তব সম নৃপতির কে হয় সুখদ ॥
বৃষোপরি সদা গতি কে আছে এমন।
অঙ্গেতে বিভূতি মাখা সঙ্গে ভূতগণ ॥

কে স্থিরাঃ কে প্রিয়াঃ স্ত্রীণাং কো হ প্রিয়ো নক্তনাহ্বয়। নৃত্যভূঃ কীদৃশী রম্যা নদী কীদৃগ্ ঘনাগমে। ৪২ ॥

কেবা স্থির কেবা প্রিয় কামিনীগণের।
কে হয় অপ্রিয় অতি জন সমূহের ॥
আহ্বান করহ রাত্রি বলি সুনিশ্চিত।
আর এক প্রশ্ন করি বলহ ত্বরিত ॥
কীদৃক্ নর্ত্তনভূমি রমণীয়া হয়।
কি প্রকার নদী হয় শরৎ সময় ॥

কন্দর্পং মদজনকং প্রাহুঃ কাচঘটী গদিতাচ্ছতয়েহ। ইত্যাদি প্রশ্নে যুক্তং যদ্ বৃত্ত তদুত্তর মাশু বিচিন্ত্য। ৪৩ ॥

কোন দর্প মদকর বলে বুধ গণ।
কোন ঘটী স্বচ্ছঅতি কুরুহ চিন্তন ॥

এই প্রশ্নে যুক্ত যাহা বলহ আমারে।
প্রশংসা পাইবে অতি বলিহে তোমারে॥

পথিক স্তিষ্ঠতি কষ্টেং বিরহী নাবিক আস্তে তৎকৃতরক্ষঃ। ইত্যাদি প্রশ্নে যুক্তং যদ্‌ব্রূহি তদুত্তর মুত্তম পুরুষ। ৪৪॥

পথিমধ্যে থাকে কোন বিরহী কষ্টেতে।
নৌকায় কে আছে তার বল রক্ষণেতে॥
এই প্রশ্নে যাহা যুক্ত করহ চিন্তন।
তদুত্তর শীঘ্র দেহ করি নিবেদন॥

কাকালী কা মধুরা কাশীতল বাহিনী গঙ্গা। কে দারপোষণ রতাঃ কম্বলবন্তং ন বাধতে শীতং। ৪৫॥

কে বা হয় কৃষ্ণ বর্ণ কে মধুরা হয়।
শীতল বাহিনী গঙ্গা কেবা মহাশয়॥
কে দারপোষণে রত বল বিচক্ষণ।
কোন বলবানে শীত না বাধে কখন॥

কুতঃ কঃ স্যাৎকীদৃক কথয় বিষবৈদ্য স্ফুটমিদং রিপোঃ কঃ কীদৃক্ষো ভবতি বশগঃ কশ্চ করভঃ। প্রবীণঃ সংবোধ্যঃ সুভগ বদ কৌ রত্নবচনৌ সুরূপে বিখ্যাতিং জগতি মহতী কা গতবতী। ৪৬॥

বলতহে বিষবৈদ্য কোথায় কে হয়।
কীদৃশ হৈয়া রিপুর বশেতে কে রয়॥
কে হয় করভ উক্ত চিন্ত অনুক্ষণ।
প্রবীণেরে সম্বোধয় কে হয় রতন॥
স্বরূপে বিখ্যাত অতি জগতী মণ্ডলে।
কে আছে এমত নারী বল বুদ্ধি বলে॥

কা শম্ভুকান্তা কিমু চন্দ্রবিম্বং প্রিয়ামুখং কিং কুরুতে মনুষ্যঃ। কঃ শ্রীপতিঃ কা বিষমা সমস্যা গৌরীমুখং চুম্বতি বাসুদেবঃ। ৪৭॥

শিবের প্রেয়সী কেবা কিবা চন্দ্রবৎ।
কি করে প্রিয়ার মুখ মনুষ্য তাবৎ॥
কেবা লক্ষ্মী পতি কিবা সমস্যা বিষম।
বলহ করিয়া তুমি মানসিক শ্রম॥

হরিণী যস্য গর্ভস্য তস্য গর্ভস্য যোরিপুঃ। রিপুগর্ভস্য যা কন্যা সা কন্যা বরদা ভব। ৪৮

সুবর্ণালঙ্কৃতাং কন্যাং হেম্নাচ পরিবর্জ্জিতাং। তাং কন্যাং বিধবাং দৃষ্ট্বা গৃহে রোদিতি তৎপতিঃ। ৪৯॥

কেশবং পতিতং দৃষ্ট্বা দ্রোণো হর্ষমুপাগতঃ। রুদন্তি পাণ্ডবাঃ সর্ব্বে হাহা কেশব কেশব। ৫০॥

হস্তে হনুগতা রামে সীতা হর্ষমুপাগতা। রুদন্তি রাক্ষসাঃ সর্ব্বে হা হা রামো হতোহতঃ। ৫১ ॥

গোমাষং পতিতং দৃষ্ট্বা খণ্ডং খণ্ডং মহীতলে। শৃগালাস্তং ন খাদন্তি দ্বিজাঃ খাদন্তি যত্নতঃ। ৫২ ॥

যুধিষ্ঠিরস্য যা কন্যা নকুলেন বিবাহিতা। পূজিতা সহদেবেন সা কন্যা বরদা ভব। ৫৩ ॥

যোগারান মকারদ্বে হস্তা [illegible] [illegible]। [illegible] [illegible] নবিদান্তে তস্য দাসো ভবাম্যহং। ৫৪ ॥

স্নানং কর্ত্তুং গতা নার্য্য একোনা বিংশতিঃ স্ত্রিয়ঃ। নক্রেণ খাদিতাহহ পেয়্কা বিংশতি গৃহমাগতাঃ। ৫৫ ॥

ঘটবৃক্ষো ময়া দৃষ্টো বারিবারণ মস্তকে। তাবত্তত্র ন গচ্ছামি যাবৎ সোঽপি নগচ্ছতি। ৫৬ ॥

দেবরাজো ময়া দৃষ্টো বারিবারণ মস্তকে। খাদয়ত্যর্ক পত্রাণি অহঞ্চ বন হস্তিনী। ৫৭ ॥

বিরাজ রাজপুত্রারে যন্নাম চতুরক্ষরং। পূর্ব্বার্দ্ধং তব শত্রূণাং পরার্দ্ধং তব বেশ্মনি। ৫৮ ॥

বিসং ভুঙক্ষ্ব মহারাজ সামাত্যৈঃ সহ বান্ধবৈঃ। বিনা কেন বিনা নাভ্যাং কৃষ্ণাজিন নকণ্টকং। ৫৯ ॥

রাবণেন হৃতা সীতা কৃষ্ণপক্ষে সিতাষ্টমী। অর্দ্ধরাত্রৌ দিনস্যার্দ্ধে হর্ষচন্দ্রার্দ্ধ ভাস্করে। ৬০ ॥

এই যষ্টিশ্লোকে যেযে প্রশ্ন আছে তাহার উত্তর অতঃপর লিখিত হইল।

---

১ হেকৃষ্ণ মামুদ্ধর।

কে বিষ খান? মহেশ। সৃষ্টিবিষয়ে জগৎকারিণী কে? প্রকৃতি। কে অন্ধকার বিনাশ করে? উষ্ণগু, (সূর্য্য)। পশুপতির প্রিয় পুত্র কে? কুমার (কার্ত্তিক) দেবতাগণকর্তৃক মথিত হইল কে? সমুদ্র। নরহরির (কৃষ্ণের) প্রিয়ভৃত্য কে? উদ্ধব। ভার সহে কে? ধরণী (পৃথিবী) উক্ত শব্দসকলের আদ্যন্ত বর্ণ ত্যাগ করিয়া মধ্য বর্ণ লইলে অর্থাৎ মহেশের হে, প্রকৃতির কৃ, উষ্ণগুর ষ্ণ, কুমারের মা, সমুদ্রের মু, উদ্ধবের দ্ধ, ধরণীর র, লইলে "হেকৃষ্ণ মামুদ্ধর" (হেকৃষ্ণ আমাকে উদ্ধার কর) হয়।

---

২ ভাগীরথীতীর সমাশ্রিতানাং।

রবির (সূর্য্যের) সার কি? ভা (দীপ্তি)। কবির সার কি? গির্ (সন্ধিকরাতে গির্ শব্দের রকারের লোপ এবং ই কারের দীর্ঘ হইয়াছে) বাক্য। সমরের (যুদ্ধের) সার কি? রথী, রথ, বিশিষ্ট লোক। কৃষির ভয় কি? ঈতিঃ (অতিবৃষ্টি, অনাবৃষ্টি শলভ, মূষিক, পক্ষী, নিকটবর্ত্তি রাজগণ। যথা, অতিবৃষ্টি রনাবৃষ্টিঃ শলভা মূষিকাঃ খগাঃ। প্রত্যাসন্নাশ্চ রাজানঃ ষড়েতে ঈতয়ঃ স্মৃতাঃ। সন্ধিকরাতে ঈতি শব্দের বিসর্গ স্থানের পরে

রকারের লোপ ই কারের দীর্ঘ)। ভ্রমরে খায় কি? রসং (সন্ধিকরাতে অনুস্বার স্থানে ম)। সর্ব্বদা কাহাদের ভয়? আশ্রিতানাং (আশ্রিতদের)। কাহাদের ভয় নাই? ভাগীরথীতীর সমাশ্রিতানাং অর্থাৎ গঙ্গাতীর সমাশ্রিতদের।

---

৩ দববিকলং।

বসন্তকালে তরুগণের কি হয়? দলং (এখানে আদ্যন্তবর্ণ লইতে হয়) পত্র। বিরহিগণের কি ক্ষয় হয়? বলং (এখানে দ্বিতীয় আর অন্ত্যবর্ণ) সর্পগণ কি প্রাপ্তহয়? বিলং (এখানে তৃতীয় আর অন্ত্যবর্ণ লইতে হয়) গর্ত্ত। মধুপানে মত্ত হইয়া মধুকরেরা কি করে? কলং (এখানে চতুর্থ আর অন্ত্যবর্ণ লইতে হয়) মধুরধ্বনি। কিপ্রকার বন মৃগগণ শীঘ্র ত্যাগ-করে? দববিকলং (এখানে সমস্ত বর্ণ) অর্থাৎ দাবাগ্নি দ্বারা বিঘটিত।

---

৪ সিন্দূর বিন্দু র্বিধবাললাটে।

বরবর্ণিনীদের (স্ত্রীগণের) ভালে (কপালে) কি দীপ্তিপায়? সিন্দূরবিন্দুঃ। মধুযামিনীতে (বসন্তকালের রাত্রিতে) কে দীনা (দুঃখিনী) হইয়া বিলাপ করে? বিধবা। মহেশ শশিকে (চন্দ্রকে) কোথায় ধারণ করেন? ললাটে (কপালে)।

---

৫ দময়ন্তী।

আদিবর্ণে ও অন্তবর্ণে দন্তী, হস্তী। মধ্যকার দুইবর্ণে ময়, ময় নামক অসুর। এই দুই বর্ণের ব্যতিক্রমে যম। সমুদয় বর্ণে দময়ন্তী, নলরাজার স্ত্রী।

৬ হারাম হাদেবর তাত মাতঃ।

স্তনমণ্ডলের কিকি ভূষণ? হারাঃ (হারসকল) উমা (দুর্গা) কি প্রকার? মহাদেবরতা। চন্দ্রমার কোথায় শ্রী হয়? তমাতঃ তমাশব্দের সপ্তমীস্থানে তস্, তমা রাত্রি রাত্রিতে। রাবন কর্ত্তৃক নীত সীতা কি বলিয়াছিলেন? হারাম! হা দেবর! তাত! মাতঃ! তাত মাতঃ পদের পূর্ব্বে ও হা শব্দ উহ্য করিতে হইবে)।

---

৭ বীর মর্ককট কম্পিতাঃ।

কে আকাশে চলে? বিঃ (সন্ধি হওয়াতে বি শব্দের বিসর্গ-স্থানে র ইকারের দীর্ঘ) পক্ষী। কে রমণীয়া? রমা, লক্ষ্মী। কে জপের যোগ্য ঋক্ (সন্ধিকরাতে রমার আকারের সহিত ঋ স্থানে অর্, অকার পূর্ব্বে যুক্ত হইল র কবর্গের মস্তকে গেল) মন্ত্র। ভূষণ কি? কটকং, বলয়। গুরু কে? পিতা। লঙ্কা কিপ্রকার? বীরমর্ককটকম্পিতা অর্থাৎ বীর বানর কর্ত্তৃক কম্পিতা।

---

৮ মান পূজাপহারঃ।

ত্রিপুর জয়িকর্ত্তৃক (শিবকর্ত্তৃক) কে দগ্ধ হইল? মারঃ (প্রথম মা-র অন্তবর্ণ) কন্দর্প। কর্ণের হন্তা কে? নরঃ, (দ্বিতীয় ও অন্তবর্ণ) অর্জ্জুন। কে নদীর কূল ভাঙ্গে? পূরঃ, (তৃতীয় ও অন্তবর্ণ) স্রোতঃ। পরস্ত্রীতে রত কে? জারঃ (চতুর্থ ও অন্তবর্ণ) উপপতি। সমরে কে সন্নদ্ধ? (সজ্জিত)

পরঃ (পঞ্চম আর অন্তবর্ণ) শত্রু। কুচমণ্ডলের ভূষণ কি? হারঃ (ষষ্ঠ অন্তবর্ণ) হার। মহল্লোকের দুঃখ কি? মান-পূজাপাহারঃ (সমস্তবর্ণ) মান এবং পূজার অভাব।

---

৯ হারাঃ।

পতি মরিলে নারী কি করে? হা (খেদজনক বাক্য) যাত্রাকালে কি প্রশস্ত? রাঃ, ধন। বধূদের স্তনমণ্ডলে কাহারা দীপ্তি পাইতেছে? হারাঃ, হারসকল।

---

১০ হারাঃ।

হারের পূর্ব্বে আ দিলে আহার হয়, আহার সকল জন্তুরই আছে। হারের পূর্ব্বে বি দিলে বিহার হয়, মহৎ ব্যক্তিরা বিহার করিয়া থাকেন। হারের পূর্ব্বে প্র দিলে প্রহার হয়, প্রহার অপরাধিদের প্রতি বর্ত্তে। কেবল হার যুবতিদের প্রিয় হয়।

---

১১ বসন্তকালঃ।

---

১২ চন্দন বৃক্ষাঃ।

সর্পগণ কর্ত্তৃক সেবিত হইলেও কদাপি বিকার কে পায় না? এবং শরীর কাটিলে আপনার গুণে অধিক বিরাজ করে এমত কাহারা আছে?।

১৩ জলকুম্ভঃ।

যুবতিরা তাহার কণ্ঠে আলিঙ্গন করিয়াছে এবং সে নিতম্ব-স্থলেতে আশ্রয় লইয়া গুরু জনের নিকটেও বারম্বার রব করে এমত কে হইবে?।

১৪ পক্কবিল্লফলং।

ঈষৎ পাণ্ডুবর্ণ, স্থূল, এবং কঠিন অথচ সুমনোহর বর্ত্তু-লাকার এমত কোন বস্তু আছে যে বৃদ্ধেরাও অতিলোভে করদ্বারা তাহাকে আকর্ষণ করে।

---

১৫ সারিকা।

পক্ষিবিশেষ, শালিখ্ পাখী।

---

১৬ শকুন্তলাভরতেন।

কোন বরাঙ্গনা (স্ত্রী) প্রিয়কর্তৃক রহিত হইয়াছিল? শকু-ন্তলা। কোন তনয় দ্বারা সেই স্ত্রী সুখিনী হইয়াছিল? ভর-তেন (ভরত শব্দ তৃতীয়ান্ত) ভরত নামক তনয়দ্বারা। কেমন পুরুষ কর্তৃক পক্ষিদের বন্ধন অভিলষণীয় হইয়াছে? শকুন্তলাভরতেন (শকুন্ত, পক্ষী—লাভ, অর্জন—রত, আসক্ত) অর্থাৎ শকুন্ত লাভেতে রত (ব্যাধ)।

---

১৭ কলঙ্কবিরহিতঃ।

মনোহর শব্দ কি প্রকার, কলং, মধুরধ্বনি। ভূপতির

যশোবর্ণনে সখা কে? কবিঃ। তোমার ভয়ে আকুল হইয়া বনে কে আছে? অহিতঃ, শক্র। নিশাকর কিপ্রকার হয় না? কলঙ্ক বিরহিতঃ অর্থাৎ কলঙ্করহিত হয় না।

---

১৮ অহীনাক্ষতনয়ঃ।

শঙ্করের বলয়দ্বয় কি? অহী (অহিশব্দ দ্বিবচনান্ত) সর্প-দ্বয়। স্তন ধারণ করে না কে? না, পুরুষ। কীদৃশ রাজা পরের বশতাপন্ন হয়? ক্ষতনয়ঃ, নীতিভ্রষ্ট। সর্পরাজকে সম্বোধন কর—হে অহীন! (অহিগণের ইন, প্রভু), হে সর্প রাজ! বিজয়ী কিপ্রকার? অক্ষত নয়ঃ (যাঁহার নীতি ক্ষয় পায় নাই) অহীন নীতি। দুর্য্যোধন কিপ্রকার নয়? অহী-নাক্ষ তনয় নয় অর্থাৎ চক্ষুর্বিশিষ্টের তনয় নয়। দুর্য্যোধন হীনাক্ষের (ধৃতরাষ্ট্রের) তনয়।

---

১৯ সুনাসীরঃ।

পূজাতে কি পদ উক্ত হইয়াছে? সু (সু শব্দের অর্থ পূজা)। কে বক্ষেতে স্তন ধারণ করে না? না, পুরুষ। প্রলম্বাসুরারির (বলরামের কে (আয়ুধ) অস্ত্র বলিয়া খ্যাত? সীরঃ, লাঙ্গল।

---

২০ রামানুরাগঃ।

দুরাঢ্যের (কৃপণের) মোহের নিমিত্ত কে হয়? রাঃ, ধন, মুরারির (বিষ্ণুর) প্রিয়া কে? মা, লক্ষ্মী। প্রশ্ন আর বিতর্কে

্ক পদ উক্ত হইয়াছে? মু (মু শব্দের অর্থ প্রশ্ন, বিতর্ক) দন্ত-চ্ছদের (ওষ্ঠের) ভূষণ কি? রাগঃ লোহিতাদি বর্ণ ॥

---

২১ কালিকাপালিকমঠঃ।

বর্ষাতে কি হয়? কালিকা, মেঘসমূহ। নির্মধু পদ্ম কি রূপ? অপালি (যাহাতে অলি নাই, অপ—ন, অলি—ভ্রমর) নিভ্রমর। পৃথিবীর সহিত অনন্তকে কে ধারণ করে? কমঠঃ, কচ্ছপ। হিমালয়ের কন্যাকে আহ্বান কর, হে কালি (কালী শব্দের সম্বোধনে ঈকারের হ্রস্ব হয়) অস্থি ভস্ম মাখা শরীর এমত জনের আশ্রয় কে? কাপালিকমঠঃ, (কাপালিক—বামাচারী, মঠ, গৃহ) সন্ন্যাসি গৃহ।

---

২২ অবারিতোরণে।

মরুস্থান কি প্রকার? অবারি (যাহাতে জল নাই) নির্জ্জল দ্বার থাকিতেও কোথায় ভূষণ হয়? তোরণে, (তোরণ—চাঁদনী, বারাণ্ডা) বারাণ্ডাতে। শক্রুদের সম্বন্ধে কোথায় ধনুর্দ্ধারী বীর কিরূপ হয়? রণে অবারিতঃ, যুদ্ধে অনিবারিত।

---

২৩ বিবরালীনকুলীরাঃ।

পক্ষি বাচক শব্দ কি? বি, পক্ষী। শ্রেষ্ঠ বাচক শব্দ কি? বর, শ্রেষ্ঠ। সখী বাচক শব্দ কি? আলী, সখী। শিববাচক শব্দ কি? নকুল। মদ্য বাচক কি? ঈরা। জ্যৈষ্ঠমাসে জল শুকাইলে অল্পজলা ভুমি কি প্রকার হয়? বিবরালীন কুলীরাঃ

(বিবর, গর্ত্ত—অলীন, বহির্গত—কুলীর, কাঁকড়া) অর্থাৎ গর্ত্ত হইতে কাঁকড়া সকল বহির্গত হইয়াছে।

২৪ কুবলয়বনরাজয়ঃ।

বিশ্বম্ভরা (পৃথিবী) বাচক শব্দ কি? কু, পৃথিবী। প্রলম্বঘ্ন (বলরাম) বাচক কি? বল, বলরাম। ব্রীহি বাচক শব্দ কি? যব। মানুষ বাচক কি? নর। যুদ্ধ বাচক কি? আজি, সংগ্রাম। প্রাতঃকালে কাহারা বিকাশ পায়? কুবলয়বনরাজয়ঃ (কুবলয়, উৎপল—রাজি, শ্রেণী) পদ্মবনশ্রেণী।

২৫ নরকরেণবঃ।

ত্বৎকর্ত্তৃক সংগ্রামে অসি দ্বারা নিহত হইয়াছে কাহারা? নরকরেণবঃ (নর, মনুষ্য—করেণু, হস্তী। নরকরেণু শব্দ বহুবচনান্ত) মনুষ্য এবং হস্তি সকল। নরকে লোকের কাহারা দুঃখ দায়ী হয়? নরকরেণবঃ (রেণু, ধূলি) নরকের ধূলি সকল। কাহাতে কখনই লোম হয় না? নর করে, মনুষ্য হস্তে। কে অতি লঘু বাচক শব্দ? অণু (অণু শব্দ বহুবচনান্ত) কণ।

২৬ নরকপালরচিতা।

পরম পাপিষ্ঠেরা কিপ্রকার নরক ভূমি সেবা করে? নর কপাল রচিতা, (নর, মনুষ্য—কপাল, মস্তক) মনুষ্য মুণ্ডে আকীর্ণ। কি প্রকার শ্মশান ভূমি প্রেত রাক্ষস পিশাচেরা সেবা করে? নর কপাল রচিতা, মনুষ্য মুণ্ডে ব্যাপ্ত।

২৭ দানবকুলভ্রমরহিতঃ।

বকুলবৃক্ষতলে মত্ত হস্তী কি প্রকার হইয়া আছে? দানব কুল ভ্রমর হিতঃ, (দান, হস্তির মদজল—বকুল, বকুলগাছ। ভ্রমর, অলি—হিত—মিত্র) মদজল দ্বারা বকুল বৃক্ষস্থ ভ্রমরদিগের মিত্র। শিব সমান অর্জুন যুদ্ধে কি রূপ হইয়াছিলেন? দানব কুল ভ্রমরহিতঃ, অসুর কুলের ভ্রান্তিতে রহিত।

২৮ খঞ্জনাঃ।

অনন্ত বলিয়া খ্যাত কে? খং, আকাশ। খোঁড়াকে সম্বোধন কর, হে খঞ্জ। শরৎকালে কাহারা লোকদের নয়নানন্দ দায়ী হয়? খঞ্জনাঃ (খঞ্জন শব্দ বহুবচনান্ত) খঞ্জন পক্ষী সকল।

২৯ নাগরঙ্গং।

স্তন বিনা কে বক্ষঃ স্থল ধারণ করে? না, পুরুষ। সর্পকে সম্বোধন কর—হে নাগ!। নগর সম্ভবকে কি বলে নাগরং নগরজাত। গৌড়দেশস্থ কামিনীর স্তন সমান ফল কি আছে? নাগরঙ্গং, নারাঙ্গীনেবু।

৩০ শবরাঃ।

প্রায় কে নীচলোকের গর্ব্ব বাড়ায়? রাঃ, ধন। আদিতে দুই বর্ণ দিলে কাহারা বনবাসী হয়? শবরাঃ, ব্যাধগণ।

৩১ রাক্ষসোত্তমঃ।

অনুজের সহিত বনে গমন করিয়া কে রাক্ষসদিগকে নষ্ট করিয়াছিল? রামঃ। ইহার মধ্যে তিন বর্ণ দিলে রাবণ কিপ্রকার হয়? রাক্ষসোত্তমঃ (মধ্যে ক্ষসোত্ত এই তিন বর্ণ দত্ত হইল) রাক্ষসদের মধ্যে উত্তম।

---

৩২ সমানঃ।

বিষ্ণুর প্রেয়সী কে? মা. লক্ষ্মী। ইহার আদি অন্তে দুই বর্ণ দিলে কে তুল্য বাচক হয়? সমানঃ) মা শব্দের আদিতে স' এবং অন্তে নঃ দত্ত হইয়াছে) তুল্য।

---

৩৩ নাগরিকঃ।

কীদৃশ পুরুষ প্রায় সকল কলা জানে? নাগরিকঃ, প্রবীণ। ইহার মধ্য হইতে দুই বর্ণ (গরি) ত্যাগ করিলে স্বর্গ বাচক কি শব্দ হইবে? নাকঃ, স্বর্গ।

---

৩৪ যাগবিধিঃ।

স্বর্গহেতু যজমান কর্তৃক কে সম্যক্ বিচারিত হয়? যাগবিধিঃ, যজ্ঞবিধি। ইহার আদ্যন্তবর্ণ ত্যাগ করিলে গোত্ব কোথায় থাকে? গবি (গোশব্দের সপ্তমীর এক বচনে গবি) গোরুতে।

৩৫ কংসাসুরঃ।

মেঘগণ কি ত্যাগ করে? কং, জল। হরির প্রিয়া কি প্রকার? সা। (স, সহিত—অ, বিষ্ণু) বিষ্ণু সহিতা। পূজাতে কি পদ উক্ত হইয়াছে? সু, পূজা। অগ্নি বাচক শব্দ কি? রঃ, অগ্নি। কৃষ্ণ কর্ত্তৃক কোন রিপু হত হইয়াছে? কংসাসুরঃ, কংস নামক অসুর।

---

৩৬ সরোজরাজয়ঃ।

শরৎ কালে কে সুন্দর অবগাহনের যোগ্য হয়? সরঃ, সরোবর। নর্ত্তক, যোদ্ধা, এবং বেশ্যাকে কে বিড়ম্বনা করে? জরা, বৃদ্ধত্ব। অত্যন্ত বীর্য্যবান পুরুষের রণে কি হয়? জয়ঃ, জয়। সূর্য্যের প্রভাতে কাহারা সহাস্য বদন হয়? সরোজরাজয়ঃ, পদ্ম শ্রেণী।

---

৩৭ মদনবতী।

কীদৃশ অটবী (বন) প্রায় দুর্গম হয়? মদনবতী, ময়নাকণ্টক বিশিষ্ট। কি প্রকার স্ত্রী পতির শৃঙ্গারের আমোদ বিস্তার করে? মদনবতী, কাম বিশিষ্টা।

---

৩৮ বিমৎসরঃ।

স্বেচ্ছা বিহারি মৎস্যগণের কি কীদৃশ হইলে হিত হয় না? বিমৎসরঃ (বি, পক্ষী—মৎ, বিশিষ্ট—সরঃ, সরোবর) পক্ষি

বিশিষ্ট সরোবর হিত হয় না। পরের গুণেতে কীদৃশ পুরুষ অতিশয় সন্তুষ্ট হয়? বিমৎসরঃ, মৎসর হীন।

---

৩৯ সকলঙ্কং।

অগস্ত্যমুনি সমুদ্রের কত কি পান করিয়া ত্যাগ করিয়া ছিলেন? সকলং কং, (ক, জল; সকল জল। হে বীর তুমি বৈরি কুলকে রণে কিরূপ করিয়া ছিলে? সকলঙ্কং কলঙ্কযুক্ত করিয়া ছিলে?।

---

৪০ কুঞ্জরাঃ।

বিষ্ণু বরাহ রূপ ধারণ করিয়া সমুদ্র হইতে কাহাকে উদ্ধার করিলেন? কুং, পৃথিবীকে। কে রূপকে বিনাশ করে? জরা, বৃদ্ধত্ব। কে মধু নামক অসুরের স্ত্রীর বৈধব্য করিয়াছিল? অঃ, বিষ্ণু। কাহারা স্বচ্ছন্দে আহার পূর্ব্বক পম্পাসরোবরে স্নান করিয়া বিন্ধ্যাচলের বনে ক্রীড়া করিতে২ অবস্থিতি করিতেছে? কুঞ্জরাঃ, হস্তি সকল।

---

৪১ শঙ্করঃ।

তোমার ন্যায় কল্যাণ বাচক পদ কি? শং, মঙ্গল। তোমার ন্যায় সদ্ভূপতির পরিতোষকারি কি? করঃ, কর। সর্ব্বদা বৃষে গমন, বিভুতি অঙ্গে, সকল ভূতগণের পাতা এমত কে? শঙ্করঃ, শিব।

৪২ অগাধবারিপূরজনিততরঙ্গা।

কাহারা স্থির? অগাঃ, পর্ব্বত সকল। স্ত্রীগণের প্রিয় কাহারা? ধবাঃ, পতিগণ। কে অপ্রিয়? রিপুঃ, শক্র। রাত্রিকে সম্বোধন কর—হে রজনি। কীদৃশ নৃত্যভূমি রমণীয় হয়? ততরঙ্গা, (যাহাতে কৌতুকের বাহুল্য আছে) বিস্তৃত-কৌতুকা। শরৎকালে নদী কি প্রকার হয়? অগাধ বারি পূর জনিততরঙ্গা, অগাধ জল প্রবাহ জনিত তরঙ্গ আছে যে নদীতে।

---

৪৩ কন্দর্পং।

মদ জনক দপ কাহাকে বলে? কন্দর্পং, কামকে। কোন ঘটী অতি নির্মলা বলে? কাচঘটী, কাচের পাত্র। কন্দপ এবং কাচ ঘটীপ্রশ্ন মধ্যেই আছে।

৪৪ পথিকঃ। নাবিকঃ।

কোন বিরহী পথি মধ্যে কষ্টে থাকে? পথিকঃ। কে নৌকাতে তাহাব রক্ষিতা হইয়া আছে? নাবিকঃ, নাবিক। পথিক এবং নাবিক শব্দ প্রশ্ন মধ্যেই আছে।

---

৪৫ কাকালী, কামধুরা, কাশীতলবাহিনীগঙ্গা, কেদার, কম্বলবস্তুং।

কে কালী? (কৃষ্ণবর্ণা) কাকালি, কাকশ্রেণী। কে মধুরা? (প্রিয়া) কামধুরা, কামযুক্তা স্ত্রী। শীতল বাহিনী গঙ্গা কে?

কাশীতল বাহিনী গঙ্গা। কে দার পোষণে রক্ত? কেদার শস্যাঢ্যক্ষেত্র। কোন বলবানকে শীত লাগে না? কম্বলবন্তং কম্বল বিশিষ্টকে। শ্লোক মধ্যেই প্রশ্ন উত্তর।

৪৬

	না গ	
দ র তঃ	ত ন য়ঃ	র ম ণী

হে বিষবৈদ্য! কোথায় কি হয়? নাগদরতঃ (উপরিস্থ ঘরের দুই অক্ষর এবং বামদিগস্থ ঘরের তিন বর্ণ লইতে হয়। নাগদর শব্দ সপ্তম্যন্ত, সপ্তমী স্থানে তস্) সর্পগর্ত্তে নাগতনয়ঃ, (এবার সম্মুখের উপরিস্থ ও নিম্নস্থ ঘরের অক্ষর সকল লইতে হয়) সর্প সন্তান হয়। কে কিপ্রকার হইয়া রিপুর বশ হয়? না—গতনয়ঃ (এবার সম্মুখস্থ দুই ঘরের বর্ণ লইতে হয়) পুরুষ—গতনয় অর্থাৎ নীতি ভ্রষ্ট হইয়া রিপুর বশ হয়। করভ কে? নাগতনয়ঃ (এবার সম্মুখস্থ দুই ঘরের বর্ণ লইতে হয়) হস্তি শাবক। প্রবীণকে সম্বোধন কর—হে নাগর! (এবার উপরিস্থ ঘরের দুই বর্ণ দক্ষিণ দিকস্থ ঘরের এক অক্ষর লইতে হয়)। রত্ন হয় কি? মণী (এবার দক্ষিণ দিকস্থ ঘরের দুই বর্ণ লইতে হয়, মণী দ্বিবচনান্ত) রত্ন দ্বয়। সুরূপে বিখ্যাত কে? নাগরমণী (এবার উপরিস্থ ঘরের দুই বর্ণ এবং দক্ষিণ দিগস্থ ঘরের তিন অক্ষর লইতে হয়) নাগগণের কামিনী। ঐ প্রশ্নের তিনউত্তর—নাগদরতঃ নাগতনয়ঃ নাগরমণী।

৪৭ গৌরীমুখংচুম্বতিবাসুদেবঃ।

শিবের প্রিয়া কে? গৌরী। চন্দ্রবিম্ব কি? মুখং। মনুষ্য প্রিয়ার মুখ কি করে? চুম্বতি, চুম্বন করে। লক্ষ্মীর পতি কে? বাসুদেবঃ। বিহগ নমস্যা কি? গৌরীমুখং চুম্বতি বাসুদেবঃ। এই শ্লোকের চতুর্থ পাদে উত্তর।

---

৪৮ পিপীলিকানৃত্যতিবহ্নিমধ্যে।

গুপ্তরসের ভাণ্ড কে জানে? পিপীলিকা। মেঘের আগি-মনে ময়ূর কি করে? নৃত্যতি, নৃত্যকরে। সাধ্বী স্ত্রী কোথায় তনুত্যাগ করে? বহ্নিমধ্যে, অগ্নিমধ্যে।

৪৯ টীকা।

হরিণী, চন্দ্র। তাহার গর্ত্ত সমুদ্র। তাহার রিপু পর্ব্বত, এখানে হিমালয়। তাহার গর্ব্বের কন্যা দুর্গা. সেই যে কন্যা তুমি বরদা হও।

৫০ টীকা।

সুবর্ণ অর্থাৎ সুন্দর বর্ণ অলঙ্কৃত কন্যাকে হেম্না অর্থাৎ স্বর্ণে পরিবর্জিত এবং বিধবা (বি, ন—ধব, বস্ত্র—বস্ত্রহীনা) দে-খিয়া তাহার পিত গৃহে ক্রন্দন করিতেছে।

৫১ টীকা।

দ্রোণ অর্থাৎ কাক (কে ক, জল—ক শব্দের সপ্তমীর এক-বচনে কে) জলে শবকে পতিত দেখিয়া হর্ষ প্রাপ্ত হইল। কিন্তু পাণ্ডবেরা (শৃগালেরা) হাহা (খেদ) কে শব (জলে শব) কে শব (জলে শব) করিয়া ক্রন্দন করিতে লাগিল।

---

৫২ টীকা।

হনুমান আরাম (উপবন, এখানে রাবণের উপবন) নষ্ট করিয়াছিল। সুতরাং সীতা হৃষ্টা হইলেন কিন্তু সকল রাক্ষস আরাম হত হইল হত হইল বলিয়া ক্রন্দন করিতে লাগিল।

---

৫৩ টীকা।

মহীতলে (পৃথিবীতে) গোমাষ (শমীধান্য অথবা গোঃ-শব্দে পৃথিবী তৎসম্বন্ধি মাষ, মাষ কলাই) পতিত দেখিয়া তাহাকে শৃগালেরা খায় না কিন্তু দ্বিজেরা (দ্বিজ, পক্ষী) যত্ন করিয়া তাহা খায়।

---

৫৪ টীকা।

যুধিষ্ঠিরের (হিমালয়ের ; যুদ্ধে যে থাকে তাহার নাম যুধিষ্ঠির) তাহার যে কন্যা অর্থাৎ দুর্গা। তিনি নকুল কর্তৃক (শিবকর্তৃক, নাই কুল যাহার) বিবাহিতা এবং দেবতার সহিত পূজিতা। সেই কন্যা অর্থাৎ যে দুর্গা তুমি বরদা হও।

৫৫ টীকা।

এই শ্লোকের প্রথম চরণের এক ২ অক্ষর ও দ্বিতীয় চরণের এক ২ অক্ষরের সহিত যোগ করিতে হইবে। যাহার এই সকল (মোহ, মায়া, রাগ, মদ, মল, কাম, দম্ভ এবং দ্বেষ) নাই তাহার আমি দাস।

৫৬ টীকা।

নারীরা স্নান করিতে গিয়াছিল। কত সংখ্যা? একটি ভ্রা (পুরুষ) বিংশতি টী স্ত্রী। একটি কুম্ভীরে খাইয়াছিল কুড়ীটি গৃহে ফিরিয়া আইল।

৫৭ টীকা।

হে বটো! (হে বালক! সন্ধি হওয়াতে বটোর ও স্থানে অব) আমি বাঁধের উপর ঋক্ষ (ভল্লুক) দেখিয়াছি। যাবৎ সে গমন না করে তাবৎ সেখানে আমি যাইব না।

৫৮ টীকা।

কোন স্ত্রী গ্রামের বহির্দেশে জল আনয়ন করিতে গিয়াছিল। বাঁধের উপর একটা ছাগল আকন্দের পাতা খাইতেছে দেখিয়া সে দেবরকে সম্বোধন করিয়া বলিতেছে হে দেবর! আমি বাম্নি

বারণ মস্তকে (বাঁধে) একটা অজ (ছাগল) দেখিয়াছি। সে অর্কপত্র (আকন্দের পাতা) খাইতেছে। তখন আমি বনহস্তিনী (বন, জল) অর্থাৎ আমার হাতে জল ছিল।

---

৫৯ টীকা।

বি, পক্ষী। তাহাদের রাজা, গরুড়। তাহার রাজা বিষ্ণু। বিষ্ণুর পুত্র কন্দর্প। তাহার অরি শিব তাঁহার চারি অক্ষরে যে মৃত্যুঞ্জয় নাম আছে। সেই নামের পূর্ব্বার্দ্ধ অর্থাৎ মৃত্যু তোমার শত্রুদের গৃহে থাকুক। এবং সেই নামের পরার্দ্ধ অর্থাৎ জয় তোমার গৃহে থাকুক। বিরাজ রাজ পুত্রারেঃ (বি—রাজ—রাজ—পুত্র—অরি—অরি শব্দের সম্বন্ধে অরেঃ)

৬০ টীকা।

হে মহারাজ! অমাত্য এবং বান্ধবের সহিত অকন্টকে কৃষ্ণাজিন ভোজন কর। কৃষ্ণাজিন (হরিণ চর্ম্ম) ভোজন-করা অসম্ভব এই নিমিত্তে কবি বিষং এবং বিনা কেন, বিনা নাভ্যাং পদ প্রয়োগ করিয়াছেন। বিষং অর্থাৎ মূর্দ্ধন্য ষকার বিনা, বিনা কেন অর্থাৎ ক বর্ণ বিনা। বিনা নাভ্যাং অর্থাৎ ণ, ন এই দুই বর্ণ বিনা। কৃষ্ণাজিন হইতে ষ্, ক, ণ্, ন্ বাদ দিতে হইবে। অবশিষ্ট "ঋ—আজি, অ" রহিল। এক্ষণে সন্ধি করতে রাজ্য হইল। কৃষ্ণাজিন ভোজন কর বলাতেই রাজ্য ভোগ কর বলা হইল এইভাব।

৬১ টীকা।

রাবণ কর্ত্তৃক সীতা হৃতা হইলেন, কোন পক্ষে? কৃষ্ণ পক্ষে। কোন সময়ে? দিনস্যার্দ্ধে, দিনের মধ্যে অর্থাৎ মধ্যাহ্ন কালে। সেই মধ্যাহ্ন কাল কিরূপ ছিল? অর্দ্ধচন্দ্রার্দ্ধভাস্করে অর্থাৎ সেই মধ্যাহ্ন কালে সূর্য্য অর্দ্ধচন্দ্রের ন্যায় হইলেন (সূর্য্য বংশোদ্ভব বধূ হরণ দ্বারা সূর্য্যের ম্লানত্ব হইল এই ভাব) অথবা সীতা তখন কিরূপ ছিলেন? অর্দ্ধচন্দ্রার্দ্ধভা (অর্দ্ধ চন্দ্রের ন্যায় দীপ্তি বিশিষ্টা) হইয়া করে অর্থাৎ রাবণের হস্তে অর্ঘরা (অর্ঘ দান করেন, রা ধাতুর অর্থ দান) অর্থাৎ অর্ঘ্যেক দান করিতেছিলেন। কোন স্থানে? অত্রৌ অর্থাৎ অত্রিমুনি সমীপে। অথবা অত্রৌ এই পদ দিনস্যার্দ্ধে এই পদের বিশেষণ অর্থাৎ সেই মধ্যাহ্নকালে তিন জন ছিল না। অর্থাৎ রাম, লক্ষ্মণ, মায়ামৃগী ছিলনা। আবার সীতা কিরূপ? অসিতাষ্টমী (শনি অষ্টম যাহার—অসিত, শনি) অর্থাৎ সীতার অষ্টমে শনি ছিল (ইহাতে সীতার বিপত্তি সূচনা হইল)।

ইতি বিদগ্ধমুখমণ্ডনং সমাপ্তং